# ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের এসএসসি কৃতকার্যদের অভিনন্দন।

ডিসিনিউজ। ঢাকা

নদ্দায় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলটি থেকে ২০ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্য থেকে ৩ জন জিপিএ ৫ (এ+) পাওয়ার গৌরব অর্জন করেছেন।
এ ছাড়াও ৬ জন 'এ' গ্রেড, ৩ জন 'এ-' গ্রেড, ৩ জন 'বি' গ্রেড এবং ১ জন 'সি' গ্রেড পেয়েছেন। উল্ল্যেক্ষ যে, বিজ্ঞান বিভাগে শতভাগ পাশ করেছেন।




স্কুলের শিক্ষার্থীদের ভাল ফলাফলের জন্য শুভেচ্ছা জানিয়েছে ঢাকা ক্রেডিট পরিবার। সেই সাথে স্কুলের প্রধান শিক্ষক এবং ম্যানেজিং কমিটিও শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান।

ঢাকা ক্রেডিটের প্রেসিডেন্ট ইগ্নাসিওস হেমন্ত কোড়াইয়া ও সেক্রেটারি মাইকেল জন গমেজ সহ পরিচালনা পরিষদ কৃতকার্য শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন।

রাজধানীর নদ্দায় নিজস্ব ভবনে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল পরিচালিত হচ্ছে। ঢাকা ক্রেডিট মানসম্মত শিক্ষা দেয়ার অঙ্গিকার নিয়ে স্কুলটি শুরু করে এবং অদ্যাবধি শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে।

এবার গড় পাসের হার ৬৮.৪৫ শতাংশ। ২০২৪ সালে পাসের হার ছিল ৮৩.০৪ শতাংশ। বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একযোগে ফল প্রকাশ করেছে।

প্রতিবছরের মতো এবার ফল প্রকাশ ঘিরে কোনো ধরনের আনুষ্ঠানিকতা রাখা হয়নি। তবে সার্বিক বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার সভাকক্ষে মতবিনিময় সভায় কথা বলেন বাংলাদেশ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির বাংলাদেশ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির। তিনি জানান, এবার গড় পাসের হার দাঁড়িয়েছে ৬৮.৪৫ শতাংশ। আর মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৩৯ হাজার ৩২ জন শিক্ষার্থী।